তারিখ ২৫।১।৮১

পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ।

# ৬ই মার্চ থেকে আদমশুমারি শুরু হবে

এ বছর ৬ই মার্চ দ্বিতীয় আদমশুমারী শুরু হবে। ৫ই মার্চ বৃহস্পতিবার মধ্যরাত্রিতে গণনা শুরু হবে এবং ঐ রাতটি হবে আদমশুমারি রাত। গণনা শেষ হবে ৮ই মার্চ। সারাদেশে যে যেভাবেই থাকুন না কেন সকলকে গণনা করা হবে।

স্বাধীনতার পর এটা দ্বিতীয় আদমশুমারি। ১৯৭৪ সনে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয়। পরবর্তী আদমশুমারি হওয়ার কথা ১৯৯১ সনে। জাতীয় স্বার্থে সকলের উচিত গণনাকারীদের সার্বিক সহযোগিতা ও সঠিক তথ্য সরবরাহ করা,

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## আদমশুমারি

(প্রথম পৃঃ পর)

যাতে সঠিক গণনা নিশ্চিত হয়।

আদমশুমারি আইন অনুযায়ী তথ্য সরবরাহ বাধ্যতামূলক। যতদূর সম্ভব সঠিকভাবে জন্ম মৃত্যু পরিসংখ্যান সংগ্রহ করাই আদমশুমারির লক্ষ্য এবং দেশের কৃষি, শিল্প, শিক্ষা ও সংস্কৃতি, সমাজকল্যাণ এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম উন্নয়নে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মানব এবং অন্যান্য সম্পদ উন্নয়ন পরিকল্পনায় সহায়তাও এ পরিসংখ্যানের লক্ষ্য

আদমশুমারিকে সাফল্যমণ্ডিত করতে সংশ্লিষ্ট সকলকে এটা নিশ্চিত করতে হবে যাতে কেউ গণনা থেকে বাদ না যান অথবা কেউ দু'বার গণনা না হন। সরকার আশা করছেন আদমশুমারিকে সফল করে তুলতে সংশ্লিষ্ট সবাই সাধ্যমত সহযোগিতা করবেন। খবর তথ্য বিবরণীর।